গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০১.২০১৬-৪২ তারিখঃ ০৮.০২.২০১৭ খ্রিঃ

**বিষয়ঃ 'ইনোভেশন টিমসমূহের ২০১৭ সালের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা এবং ২০১৬ সালের বাৎসরিক প্রতিবেদন।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৮৩১.৪৫.০০১.১৫.০৪, তারিখ: ০৩ জানুয়ারি ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা এবং ২০১৬ সালের উদ্ভাবন-সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হ'ল।

সংযুক্ত: বর্ণনামতে।

08-02-2017

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@mohfw.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃ: আ: মোঃ শাহগীর আলম, সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা)।

মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স শাখা
ডাইরী নম্বর- ২৫২
তারিখ: ১২/২/১৭

E:\ADMIN-4 (M&A )\inovation 001.2016 (45.141.093.00.00.001.2016)\Letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
ই-মেইল-monitor@mohfw.gov.bd

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২০১৭ সালের উদ্ভাবন কর্মপরিকল্পনা

| ক্র:নং | বিষয় | কার্যক্রম | কার্যকাল | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল | পরিমাপ |
|---|---|---|---|---|---|---|
| ১. | ইনোভেশন টিমের সভা | চীফ ইনোভেশন অফিসারের সভাপতিত্বে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভা | প্রতিমাসে | চীফ ইনোভেশন অফিসার | ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি ও সমন্বয় | কার্যবিবরণী |
| | | মাঠ পর্যায়ের ইনোভেশন পাইলট, সার্ভিস ইনোভেশন ফান্ড (এসআইএফ) ভূক্ত প্রকল্পের ইনোভেটরগণকে নিয়ে সভা | ত্রৈমাসিক | চীফ ইনোভেশন অফিসার | ইনোভেশন পাইলট ও এসআইএফ ভূক্ত প্রকল্পের কাঙ্খিত অগ্রগতি পর্যালোচনা | অগ্রগতি রিপোর্ট |
| ২. | আইডিয়া ম্যানেজম্যান্ট ও স্কেল আপ | ই-মেইলের মাধ্যমে আইডিয়া সংগ্রহ | ত্রৈমাসিক | সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল | আইডিয়া সৃষ্টিতে আগ্রহী করে তোলা | সংখ্যা |
| | | সংগৃহিত আইডিয়া পাইলটের জন্য পর্যালোচনা ও অনুমোদন গ্রহণ | তিন সপ্তাহ | ইনোভেশন টিম | নির্বাচিত আইডিয়া পাইলটিং এর সুযোগ সৃষ্টি | নির্ধারিত সময়ে সম্পন্ন |
| | | পাইলটিংকৃত আইডিয়া/প্রকল্পসমূহের শোকেসিং | বাৎসরিক | ইনোভেশন টিম | স্কেল আপের জন্য আইডিয়া/প্রকল্পসমূহের নির্বাচন | নির্ধারিত সময়ে সম্পন্ন |
| | | নির্বাচিত আইডিয়া/প্রকল্পসমূহ স্কেল আপ/রেপ্লিকেশনের জন্য নতুন এলাকা নির্বাচন ও প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন | চার মাস | ইনোভেশন টিম | স্কেল আপ/রেপ্লিকেশনের জন্য আইডিয়া/প্রকল্পসমূহ হস্তান্তর | নির্ধারিত সময়ে সম্পন্ন |
| | | নির্বাচিত আইডিয়া/প্রকল্পসমূহ স্কেল আপ/রেপ্লিকেশন বাস্তবায়ন | প্রযোজ্য সময় | বাস্তবায়নকারী কর্মকর্তাগণ | বৃহত্তর পরিসরে সফলতা/বাধা চিহ্নিতকরণ | নির্ধারিত সময়ে সম্পন্ন |
| ৩. | আওতাধীন অধিদপ্তর /সংস্থার উদ্ভাবন কার্যক্রম তদারকি | ইনোভেশন টিমের নিয়মিত সভা, বাৎসরিক কর্মপরিকল্পনা প্রনয়ন, প্রশিক্ষণ কর্মসূচিতে ইনোভেশন অন্তর্ভুক্তি এবং সমন্বয় সভার আলোচ্য সূচিতে ইনোভেশন অন্তর্ভূক্তি | মাসিক /ত্রৈমাসিক /বাৎসরিক | চীফ ইনোভেশন অফিসার | ইনোভেশন কার্যক্রমের কাঙ্খিত অগ্রগতি | দলিলাদি |

০৮-০২-২০১৭

| ক্র:নং | বিষয় | কার্যক্রম | কার্যকাল | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল | পরিমাপ |
|---|---|---|---|---|---|---|
| | | মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের প্রত্যেক সদস্যের মাঠ পর্যায়ের ইনোভেশন পাইলট, এসআইএফভূক্ত প্রকল্পসমূহ পরিদর্শন | বছরে ন্যুনতম একটি পাইলট/প্রকল্প | ইনোভেশন টিমের প্রতি সদস্য | সফল বাস্তবায়নে সহায়ক | পরিদর্শন সংখ্যা |
| ৪. | ই-ফাইলিং ও ই-সেবা কার্যক্রম | মন্ত্রণালয়ের দু'টি শাখা/অধিশাখায় ই-ফাইলিং কার্যক্রমের প্রস্তুতি গ্রহণ | | কম্পিউটার সেল ও প্রশাসন অনুবিভাগ, প্রবা-৩, চিশিজ-১ | প্রস্তুতি অর্জন | প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন |
| | | সেবা দাতা ও সেবা গ্রহিতাকে উদ্বুদ্ধকরণ | জানুয়ারি মাস | কম্পিউটার সেল ও প্রশাসন অনুবিভাগ, প্রবা-৩, চিশিজ-১ | আগ্রহ সৃষ্টি | আনুষ্ঠানিক, অনানুষ্ঠানিক সভা |
| | | প্রশিক্ষণ | ২০.০১.২০১৭ থেকে ১৫.০২.২০১৭ | প্রশাসন-১/এইচআরএম | যোগ্যতা অর্জন | সংখ্যা |
| | | ই-ফাইলিং কার্যক্রম চালু | ২৮.০২.২০১৭ | কম্পিউটার সেল ও প্রশাসন অনুবিভাগ, প্রবা-৩, চিশিজ-১ | সেবা গ্রহিতার খরচ, সময় ও ভিজিট সংখ্যা কমিয়ে আনা | সংশ্লিষ্ট কাগজপত্র |
| ৫. | পুরস্কার/স্বীকৃতি | ইনোভেশ পাইলট/প্রকল্পের সফল ইনোভেটর/উত্তম ইনোভেটরকে পুরস্কার/স্বীকৃতি প্রদান | বাৎসরিক | ইনোভেশন টিম | উদ্দীপনা সৃষ্টি ও আগ্রহ ধরে রাখা | সংখ্যা |
| ৬. | পার্টনারশিপ ও নেটওয়ার্কিং | ইনোভেশন সম্পৃক্ত প্রশিক্ষণ, বুদ্ধিবৃত্তিক পরামর্শসহ বিবিধ বিষয়ে a2i প্রোগ্রাম, মন্ত্রিপরিষদ বিভাগ ও সংশ্লিষ্ট অংশীজনদের সাথে যোগাযোগ স্থাপন | সব সময় | ফোকাল পয়েন্ট | প্রতিষ্ঠান ও অংশীজন চিহ্নিতকরণ এবং সহযোগিতার ক্ষেত্র সম্প্রসারণ | কার্যকর যোগাযোগ |
| ৭. | সোশাল মিডিয়া | মন্ত্রণালয়ের নিজস্ব ফেইসবুকে ইনোভেশন সম্পৃক্ত বিষয়াদি প্রকাশ | সব সময় | ফোকাল পয়েন্ট ও কম্পিউটার সেল | সামাজিক মাধ্যমকে ব্যবহার করে উদ্ভাবনকে জনপ্রিয় করে তোলা | পোষ্টিং এর গুণগত ও পরিমাণগত সংখ্যা |
| ৮. | ডকুমেন্টেশন | বর্ষশেষে উদ্ভাবন উদ্যোগের অগ্রগতি সংকলন করে পুস্তিকা প্রকাশ | ডিসেম্বর মাস | ইনোভেশন টিম | উদ্ভাবন উদ্যোগসমূহকে স্থায়ীভাবে সংরক্ষণ | প্রকাশিত পুস্তিকা |

08-02-2017

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
www.mohfw.gov.bd

**বিষয়: ২০১৬ সালের উদ্ভাবন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন**

**সভা:** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের চীফ ইনোভেশন অফিসার ও যুগ্মসচিব (প্রশাসন) এর সভাপতিত্বে ইনোভেশন টিমের মোট ০৮ (আট)টি সভা অনুষ্ঠিত হয়। সভাসমূহে অধিদপ্তর/দপ্তর/সংস্থার ইনোভেশন অফিসারগণকেও আমন্ত্রন জানানো হয় এবং তাঁরা যথারীতি সভাসমূহে অংশগ্রহণও করেছেন। মাঠ পর্যায়ের মোট ৩৬ (ছত্রিশ)টি ইনোভেশন পাইলট উদ্যোক্তাদের নিয়ে মন্ত্রণালয়ে একটি এবং সার্ভিস ইনোভেশন ফান্ড (এসআইএফ) ভূক্ত ০৮ (আট) জন উদ্যোক্তাকে নিয়ে মন্ত্রণালয়ে আলাদাভাবে আরেকটি সভা অনুষ্ঠিত হয়।

**মেন্টরিং:** ইনোভেশন পাইলটসমূহ মেন্টরিং এর জন্য মন্ত্রণালয়ের ০৮ (আট) জন কর্মকর্তাকে নিয়োগক্রমে অফিস আদেশ জারি করা হয়।

**প্রশিক্ষণ:** ০২ (দুই)টি ব্যাচে মোট ৪৪ (চুয়াল্লিশ) জন কর্মকর্তাকে বিয়াম ফাউন্ডেশন মিলনায়তন, ঢাকায় এটুআই এর কারিগরি সহযোগিতায় ০২ (দুই) দিনব্যাপি উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**স্বীকৃতি:** মাঠ পর্যায়ের ইনোভেশন পাইলটের ১৪ (চৌদ্দ) জন উদ্যোক্তাকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের চীফ ইনোভেশন অফিসার ও যুগ্মসচিব (প্রশাসন) স্বাক্ষরিত ধন্যবাদপত্র প্রেরণ করা হয়েছে।

**সোস্যাল মিডিয়া:** মন্ত্রণালয়ের নিজস্ব ফেসবুকে ইনোভেশন সম্পৃক্ত বিষয়াদি প্রকাশ করা হয় এবং মন্ত্রণালয়ের নিজস্ব ওয়েবসাইটের হোম পেজে ইনোভেশন কর্নার রয়েছে।

08-02-2017

E:\ADMIN-4 (M&A )\inovation 001.2016 (45.141.093.00.00.001.2016)\Letter.doc